

ঢাকা ভাসিটি অনাসে ১০ ভাগ আসন বৃদ্ধি : প্রিলিমিনারীতে ভর্তি হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয় অনার্স কোর্সে আরও শতকরা ১০ ভাগ আসন বৃদ্ধি করা হয়েছে। ইতিমধ্যে এই অতিরিক্ত আসনে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। এছাড়া কর্তৃপক্ষ মাস্টার্স প্রিলিমিনারী ভর্তির ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আগামী মাসে এই ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা হবে।

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কমিটির এক সভায় এই সিদ্ধান্ত-গুলি গৃহীত হয়।

নির্ভরযোগ্য সূত্র জানান, প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনাসে মোট যত ছাত্রছাত্রী ভর্তি করা হয় এবার অতিরিক্ত আরও দশভাগ ভর্তি করা হচ্ছে।

সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের

ঢাকা ভাসিটি

প্রথম পৃষ্ঠার পর বিশ্ববিদ্যালয়ের ১১টি বিভাগের বেলায় সকল বিভাগে ল্যাবরেটরীতে কাজ করতে হবে। কেবলমাত্র সেসব বিভাগেই এই অতিরিক্ত ছাত্রছাত্রী ভর্তি করা হবে। এই সিদ্ধান্ত অনুযায়ী কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ইতিহাস, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান, অর্থনীতি, লোক প্রশাসন, ইংরেজী, বাংলা, সমাজবিজ্ঞান, দর্শন, ইসলামের ইতিহাস, আরবী, রাষ্ট্রবিজ্ঞান, 'ক ইউনিটের' প্রায় সব বিভাগেই ল্যাবরেটরীতে কাজ করার প্রয়োজনীয়তা রয়েছে। তাই এই ইউনিটের যেসব বিভাগে অপেক্ষাকৃত কম গবেষণাগার ও ল্যাবরেটরী ব্যবহার করা হয়, সেসব বিভাগে বেশী ভর্তি করা হবে। এছাড়া 'গ' ইউনিটের সকল বিভাগে এবং আইন অনুষদেও অতিরিক্ত আসনে ভর্তি করা হবে। অতিরিক্ত আসন নিয়ে এ বছর মোট ৪ হাজার আসনে অনার্স ভর্তি করা হচ্ছে।

এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় মাস্টার্স প্রিলিমিনারীতে ভর্তির জন্য আগস্ট মাসের ১০ তারিখের মধ্যে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হবে বলে জানা গেছে। তবে এ বছর প্রিলিমিনারীতে আসন হাস করা হবে। গত বছরের চেয়ে এবার ১০ ভাগ কম। এর কারণ হিসাবে কর্তৃপক্ষ বলছেন, ক্লাসরুম, শিক্ষকসহ বিশ্ববিদ্যালয়ের নানা সংকটের কারণে কর্তৃপক্ষ এই আসন হাস করছেন। এ বছর প্রিলিমিনারীতে মোট ২৫শ' এর মত ছাত্রছাত্রী ভর্তি করা হবে।